দৈনিক
ইনকিলাব

তারিখ ........ 3 JUN 2003
পৃষ্ঠা ...... ৩ ...... কলাম ...... ৩ ......

# ঢাবিতে বিএনসিসি অফিসে শিশু ও বয়স্ক শিক্ষা কার্যক্রম শুরু

**বাসস** ঃ বিএনসিসি ঢাকা বিশ্ববিদ্যালয় কন্টিনজেন্টের উদ্যোগে গত রবিবার কন্টিনজেন্ট অফিসে 'শিশু ও বয়স্ক শিক্ষা কার্যক্রম' শুরু হয়েছে।

বিএনসিসির পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোঃ রফিকুর রহমান পিএসসি এই কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

টেকনোলজিক্যাল এ্যাসিস্ট্যান্ট ফর রুরাল এডভান্সমেন্ট-এর সহযোগিতায় পরিচালিত এই শিক্ষা কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন বিএনসিসি রমনা কন্টিনজেন্টের কম্যান্ডার লেঃ কর্নেল অধ্যাপক মোঃ শাহাদাত আলী।

অধ্যাপক মোঃ শাহাদত অলী তার বক্তৃতায় বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় বসবাসরত যে শিশু ও বয়স্করা লেখাপড়ার সুযোগ পাচ্ছে না, তাদের জন্যই এই শিক্ষা কার্যক্রম চালু হলো। তিনি বলেন, এখানে যারা লেখাপড়া করবেন তাদের বই-খাতা ও খেলাধুলার সামগ্রীসহ বিভিন্ন সুযোগ-সুবিধা প্রদান করা হবে।